

2 0 1 7

BENGALI

(Major)

Paper : 5.6

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশানুযায়ী উত্তর দাও :

১×৭=৭

- (ক) ‘বিরিঞ্চিবাবা’ গল্পের নিতাইবাবু কোন্ অফিসে চাকরি করতেন ?
- (খ) “হঠাৎ বাথরুমের দরজা খুলে বেরিয়ে এল এক অপরূপ মূর্তি।” এখানে ‘মূর্তি’ বলতে কাকে বোঝানো হয়েছে ?
- (গ) বনবাস থেকে রামচন্দ্রকে ফিরিয়ে আনতে ভারত কোন্ স্থানে গমন করেছিলেন ?
- (ঘ) ‘উলটপুরাণ’ গল্পের মিস্টার ক্র্যামের পাঠশালার নাম কী ?
- (ঙ) কমলাকান্তের পৃষ্ঠপোষকের নাম কী ?
- (চ) সস্তা খরিদের অবিরত চেষ্টাকে _____ বলে।
(শূন্যস্থান পূরণ করো)
- (ছ) প্রসন্ন গোয়ালিনীর গাভীর নাম কী ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) 'রাষ্ট্রবিৎ' পত্রিকায় কোন্ কোন্ ভারতীয় দ্রব্যের বিজ্ঞাপন প্রকাশিত হয়েছিল ?
- (খ) "তিনি একজন পলিটিক্যাল পরিব্রাজক।" এখানে কাকে 'পলিটিক্যাল পরিব্রাজক' বলা হয়েছে? তিনি কোন্ রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত ছিলেন ?
- (গ) 'দোকানদারগণ বিনা ছানায়, শুধু গুড়ে, আশ্চর্য সন্দেশ করিয়া সস্তা দরে বিক্রয় করিতেছে।' এখানে কোন্ দোকানদারদের কথা বলা হয়েছে? প্রকৃত তাৎপর্যে তারা কী বিক্রি করছিল ?
- (ঘ) কমলাকান্ত কোন্ রূপ ধারণ করে স্বর্গে উপস্থিত হয়েছিল? দেবরাজের কাছে সে কী পুরস্কার প্রার্থনা করেছিল ?

৩। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

ক—গুচ্ছ

- (ক) প্রফেসর ননির পরিচয় দাও। তার কাজকর্মের খ্যালিপনার বৈশিষ্ট্য আলোচনা করো।
- (খ) "হাইকোর্টশিপ আরম্ভ হইল।" এই 'হাইকোর্টশিপ'-এর একটি বিবরণ দাও।
- (গ) বকুলাল দত্তের অন্তিম পরিণতি কী হয়েছিল তা আলোচনা করো।

খ—গুচ্ছ

- (ক) "আমাদের দেশের লেখকদিগকে আমি তেঁতুল বলিয়া গণি।" বক্তার এরূপ সিদ্ধান্তের কারণ কী? আলোচনা করো।
- (খ) ব্যাখ্যা করো :
"লতায় কণ্টক আছে; কুসুমে কীট আছে; গন্ধে বিষ আছে। পত্র শুষ্ক হয়, রূপ বিকৃত হয়, স্ত্রী-জাতি বধনা জানে।"
- (গ) 'পঞ্চানন্দ' বলতে কমলাকান্ত কোন্ কোন্ আনন্দকে নির্দেশ করেছে?

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) "রাজশেখরের ধর্মবোধ যেহেতু গভীর ও ব্যাপক তাই সমাজে ধর্মের লাঞ্ছনা তাঁকে কষ্ট দিয়েছে। ফলে পরশুরামের গল্পে ধর্ম রঙ্গ-ব্যঙ্গের অন্যতম বিষয় হয়েছে।" সমালোচকের এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে 'বিরিঞ্চিবাবা' গল্পের এক পর্যালোচনা প্রস্তুত করো।
- (খ) 'কচি সংসদ' গল্পের কেঁপে চরিত্রের বৈশিষ্ট্যগুলো আলোচনা করো।

- (গ) “সুন্দরবনের লৌকিক দেবতাকে সামনে রেখে তিনি হঠাৎ বড়লোক, উচ্চাকাঙ্ক্ষী, নীতিবোধহীন বাঙালি চরিত্রকে ব্যঙ্গ ধ্বংস করেছেন।” সমালোচকের এই মন্তব্যের আলোকে ‘দক্ষিণ রায়’ গল্পটি বিশ্লেষণ করো।

খ—গুচ্ছ

- (ক) ‘কমলাকান্তের দপ্তর’ গ্রন্থে বঙ্কিমচন্দ্রের হাস্যরস সৃষ্টির পারদর্শিতা সম্বন্ধে আলোচনা করো।
- (খ) ‘মনুষ্যফল’ প্রবন্ধে মনুষ্য চরিত্রের বিভিন্ন বৈশিষ্ট্য কীভাবে উদ্ভাসিত করে তোলা হয়েছে তা আলোচনা করো।
- (গ) ‘বড়বাজার’ প্রবন্ধানুসারে কমলাকান্তের বাজার পরিভ্রমণের অভিজ্ঞতা ব্যক্ত করো।

★ ★ ★